দৈনিক সংবাদ

তারিখ ...05 MAY 1990...
পৃষ্ঠা... ৭ ...কলাম... ৬...

৭১

# চট্টগ্রাম পলিটেকনিকে দু'দল ছাত্রের সংঘর্ষ আহত ৩০

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৬ই মে।– আজ দুপুরে চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউটের দু'দল ছাত্রের মধ্যে সংঘর্ষে ৩০ জন আহত হয়েছে। এর মধ্যে গুরুতর আহত ৫জনকে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার জন্য ছাত্রলীগ (হা–অ) ও

( শেষ পৃঃ ৮–এর কঃ দ্রঃ )

## দু'দল ছাত্রের সংঘর্ষ

(১ম পাতার পর)

ছাত্রদল পরস্পরকে দায়ী করেছে। জানা গেছে, বেলা, সাড়ে ১২টায় ইনস্টিটিউটের পার্শ্ববর্তী রেলযাত্রী ছাউনির সামনে এ ঘটনা ঘটে। রেলের জন্য অপেক্ষমাণ দু'দল ছাত্রের এই সংঘর্ষকালে বোমাবাজি ও গুলীবর্ষণের ঘটনা ঘটে।

ছাত্রলীগ অভিযোগ করেছে ছাত্রদলের সশস্ত্র কর্মীরা হামলা চালালে তাদের ১৩ জন কর্মী আহত হয়েছে। অপরদিকে ছাত্রদল বলেছে, ছাত্রলীগের হামলায় তাদের ১৭ জন আহত হয়েছে।

আহতদের মধ্যে নূরুল কবির, গোলাম সামদানী, রেজাউল করিম রুস্তু, মফিজ ও হারুনকে গুরুতর অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে।